**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:11-09-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM, Dental College :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল, পিএম-ডিভাইন প্রকল্পে আগরতলা সরকারি ডেন্টাল কলেজ ও আই জি এম হাসপাতালে থ্রি-ডি প্রিন্টিং সেন্টারের উদ্বোধন করেন। তাছাড়াও মুখ্যমন্ত্রী থ্রি-ডি প্রিন্টিং-এর উপর ডেন্টাল সার্জন ও কমিউনিটি হেলথ অফিসারদের দু-দিনের প্রশিক্ষণ কর্মসূচির সূচনা করেন। মুখ্যমন্ত্রী বলেন, এধরণের থ্রি-ডি প্রিন্টিং সেন্টার উত্তর পূর্বাঞ্চল জোনের মধ্যে আগরতলার সরকারি ডেন্টাল কলেজেই প্রথম স্থাপিত হয়েছে। এই কলেজকে আগামীদিনে শুধু উত্তর পূর্বাঞ্চলেই নয় দেশের মধ্যে একটি মডেল কলেজ হিসেবে গড়ে তুলতে সরকার বদ্ধপরিকর। কলেজের ফ্যাকাল্টিদের আধুনিক প্রযুক্তি ব্যবহারের পাশাপাশি দায়িত্বশীল ভূমিকা নেওয়ার উপর মুখ্যমন্ত্রী গুরুত্ব আরোপ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব কিরণ গিত্যে, এনইসি'র সায়েন্স এন্ড টেকনোলজি ডিরেক্টর তানুং জামো, সরকারি ডেন্টাল কলেজের প্রিন্সিপাল প্রফেসর ডঃ শালু রায় প্রমুখ।

*************************

**CM-Durga Puja :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা দূর্গাপূজার বাজেট কিছুটা কমিয়ে বন্যার্তদের জন্য সামাজিক কর্মকান্ডে এগিয়ে আসার জন্য সমস্ত ক্লাব ও পূজো কমিটিগুলির কাছে আবেদন রেখেছেন। বন্যা পরবর্তী উদ্‌ভুত পরিস্থিতিতে মানবিক দৃষ্টিভঙ্গি নিয়ে চাঁদা আদায়ের অনুরোধও রেখেছেন তিনি। মুখ্যমন্ত্রী জানান, রাস্তায়

যানবাহন থামিয়ে পূজোর চাঁদা আদায়ে কোনভাবেই বরদাস্ত করা হবে না। এব্যাপারে কড়া ব্যবস্থা নেওয়ার জন্য পুলিশ নির্দেশ দেওয়া হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান।

.......................................................................

PM-JANMAN South:

দ্বিতীয় পর্যায়ে পিএম জনমন কর্মসূচির প্রচার ও সুবিধাভোগীদের কাছে প্রশাসনিক সুযোগ সুবিধা পৌঁছে দেওয়ার লক্ষ্যে গতকাল দক্ষিন জেলার বকাফা ব্লকের বীরচন্দ্রনগর ভিলেজ মাঠে ও মধ্য কাঁঠালিয়া ভিলেজের মধ্য কাঁঠালিয়া বাজারে প্রশাসনিক ও স্বাস্হ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবির দুটিতে বীরচন্দ্রনগর, রাজাপুর, পতিছড়ি, তাকমা, পতিছড়িম ও সালথাং মনু ভিলেজ, পশ্চিম কাঁঠালিয়া ও মধ্য কাঁঠালিয়া ভিলেজের সুবিধাভোগীরা অংশগ্রহণ করেন। শিবিরে চিকিৎসা পরিষেবা, এস টি সার্টিফিকেট, পি আর টি সি, সহ বিভিন্ন প্রশাসনিক সুযোগ সুবিধা প্রদান করা হয়।

************************

**Oath-RS :**

উপরাষ্ট্রপতি ও রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখর গতকাল রাজ্যসভার দুই নবনির্বাচিত সদস্যকে শপথবাক্য পাঠ করান। তিনি সংসদ ভবনে মিশন রঞ্জন দাস ও রাজীব ভট্টাচার্যকে শপথবাক্য পাঠ করান।

*****************************

**IGM Heritage :**

আইজিএম হাসপাতালের ঐতিহ্যবাহী ভবনটি সংরক্ষণ করা হবে। এজন্য পুরাতন ভবনের সংস্কারের কাজ হাতে নেওয়ার জন্য মুখ্যমন্ত্রী প্রফেসর ডঃ মানিক সাহা গতকাল স্বাস্থ্য দপ্তরকে নির্দেশ দিয়েছেন। উল্লেখ্য, ১৮৭৩ সালে মহারাজা বীরচন্দ্র মাণিক্য

বাহাদুরের উদ্যোগে ৩০ শয্যাবিশিষ্ট এই হাসপাতালের যাত্রা শুরু হয়েছিল। মূল ভবনের চূড়ায় 'ভিক্টোরিয়া মেমোরিয়াল হাসপাতাল' নামটি খোদিত হয়। পরবর্তীকালে ১৯৯০ সালে এই নাম পরিবর্তন করে হাসপাতালের নাম রাখা হয় 'ইন্দিরা গান্ধী মেমোরিয়াল হাসপাতাল।' বর্তমানে ৬০৮ শয্যাবিশিষ্ট আইজিএম হাসপাতালে আধুনিক চিকিৎসার মোটামুটি সব সুবিধাই রয়েছে।

****************************

**Reschedule of exam :**

২০২৪-২৫ শিক্ষাবর্ষের তৃতীয় থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত ষান্মাসিক পরীক্ষার সময়সূচি পরিবর্তন করা হয়েছে। আগামী ২৪শে সেপ্টেম্বর থেকে তেসরা অক্টোবর পর্যন্ত অনুষ্ঠেয় এই পরীক্ষা বন্যায় ক্ষতিগ্রস্ত ছাত্রছাত্রীদের সুবিধার্থে আগামী ২২শে অক্টোবর থেকে ৩০শে অক্টোবর পর্যন্ত অনুষ্ঠিত হবে।পরিবর্তিত সুচি অনুযায়ী নবম থেকে দ্বাদশ শ্রেনীর পরীক্ষা সুরু হবে ৫ অক্টোবর থেকে চলবে ২৮ অক্টোবর অব্দি।

*********************

**MLA Dipankar sen Visited Flood Affected area :**

বিধায়ক দীপংকর সেন গতকাল বিলোনিয়া বিধানসভা এলাকার মাইছড়া ঘাঁটি, গাছবাড়িয়া, উত্তর বিলোনিয়া মুসলিম পাড়া ও বল্লামুখা এলাকা পরিদর্শন করেন। সিপিআইএম বিলোনিয়া মহকুমা সম্পাদক তাপস দত্ত সহ দলীয় নেতা-কর্মীদের সঙ্গে নিয়ে তিনি বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষদের বাড়ি বাড়ি গিয়ে খোঁজখবর নেন।

*********************

**Relief Fund -Mayor:**

অবলম্বন সামাজিক সংস্থার উদ্যোগে আগরতলার আপনাঘর বৃদ্ধাশ্রমে গতকাল আবাসিকদের তরফে প্রশাসনিক আধিকারিকদের হাতে বন্যাদুর্গতদের জন্য ত্রাণ সামগ্রী তুলে

দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার বলেন বৃদ্ধাশ্রমের মায়েদের এই দান শ্রেষ্ঠ দান হিসেবে পরিগণিত হবে। এই সংকটের দিনে বিভিন্ন সংস্থার পাশাপাশি বৃদ্ধাশ্রমের আবাসিকরা যেভাবে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে তাতে মানবতার অনন্য নজীর সৃষ্টি করেছে।

*********************

**District Level Review Meeting:**

দক্ষিন জেলার ১৬ টি পিএম শ্রী স্কুলের সার্বিক উন্নয়নের লক্ষ্যে গতকাল দক্ষিন জেলার জেলা শাসকের অফিসে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা শাসক স্মিতা মল’র পৌরাহিত্যে অনুষ্ঠিত এই সভায় জেলা শিক্ষা আধিকারিক সুবীর মজুমদার, জেলার ৮ জন বিদ্যালয় পরিদর্শক ও সবক’টি স্কুলের প্রধান শিক্ষক, ভারপ্রাপ্ত শিক্ষকগন উপস্থিত ছিলেন। সভায় স্কুলগুলির পরিকাঠামোগত বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভা থেকে স্কুলগুলির সমস্যা সমাধানের লক্ষে বিভিন্ন সিদ্ধান্ত গ্রহন করা হয়।

*********************

**World suicide prevention day:**

বিশ্ব আত্মহত্যা প্রতিরোধ দিবস উপলক্ষ্যে গতকাল আসাম রাইফেলসের উদ্যোগে আগরতলায় সচেতনতা রেলির আয়োজন করা হয়। আসাম রাইফেলসের জনসংযোগ আধিকারিক জানান, এই বছর এই দিবসের ভাবনা ছিল "আত্মহত্যার বিষয়ে বর্ণনা পরিবর্তন" এবং "কথোপকথন শুরু করুন"। ত্রিপুরা মেডিকেল কলেজ, ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন সহ বেশ কয়েকটি সংস্থা এই রেলিতে অংশ নেয়। মানুষের মধ্যে আত্মহত্যার প্রবনতা প্রতিরোধ করার বার্তা জানিয়ে এই র‍্যালীর আয়োজন করা হয়।

*********************

**HIV Awareness programme at Sabroom:**

সাব্রুমের মাইকেল মধুসূদন দত্ত কলেজের জাতীয় সেবা প্রকল্পের উদ্যোগে, ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটির সহায়তায় ইনটেন্সিফাইড ইনফরমেশন এডুকেশন এন্ড কমিউনিকেশন-র রাজ্যব্যাপী প্রচারাভিযানের অঙ্গ হিসেবে গতকাল কলেজের হলঘরে এইচআইভি-এইডস নিয়ে এক সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়। কলেজের অধ্যক্ষ ড. অনুপম গুহ, ভিএসডিওটিআই সংস্থার সঞ্জীব চৌধুরী, সুকান্ত চৌধুরী ও কলেজের প্রাক্তন ছাত্র সজল নাথ প্রমুখ সচেতনতামূলক বক্তব্য রাখেন।

*********************

**Weather:**

আজ আকাশ প্রধানত মেঘাচ্ছন্ন থাকবে। আগামী ২৪ ঘন্টার মধ্যে রাজ্যের পশ্চিম জেলা, ধলাই, সিপাহীজলা, গোমতি ও দক্ষিণ জেলার বিভিন্ন স্থানে ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে বলে দপ্তর সূত্রে খবর।

*********************